

হলের সিট বরাদ্দের তালিকায় একই কক্ষে ৩ ছাত্রের সঙ্গে এক ছাত্রীর নাম!

অনলাইন ডেক্স



ফাইল ছবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষে

ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস আগামীকাল রবিবার (২১ সেপ্টেম্বর)

শুরু হবে। ইতিমধ্যে তাদের ক্লাস রোল, রেজিস্ট্রেশন নম্বর ও হল

বণ্টন করা হয়েছে।

তবে আপনি দেখা দিয়েছে ১০ নং ছাত্র হল কর্তৃক প্রকাশিত

তালিকা ঘিরে। এতে দেখা যায়, হলের ১৩৮ নম্বর রুমে তিনজন

ছাত্রের সঙ্গে এক ছাত্রীকে একই কক্ষ বরাদ্দ দিয়েছে হল প্রশাসন।

সামাজিক যোগাযোগমাধ্যমে বিষয়টি রীতিমতো ভাইরাল হয়েছে।

তবে অন্য একটি তালিকায় দেখা যায়, ওই ছাত্রীকে বেগম খালেদা

জিয়া হলে সিট বরাদ্দ দেওয়া হয়েছে।

এ বিষয়ে ১০ নং ছাত্র হলের প্রভোস্ট অধ্যাপক মোহাম্মদ রেজাউল

রাকিব সাংবাদিকদের বলেন, এটা করণিক ভুল হতে পারে,

আমরা বিষয়টি খতিয়ে দেখব।

আর বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা) মোহাম্মদ আলী

বলেন, বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে হল অ্যালোটমেন্টের (বরাদ্দ)

যে তালিকা প্রকাশ করা হয়েছে সেখানে কোনো গ্রটি হয়নি।

রুম বন্টনে হল প্রশাসন থেকে যে তালিকা প্রকাশ করা হয়েছে

সেখানে অসংগতি ছিল।